

আপনি জানেন কি নিউ ইয়র্ক সিটিতে বসবাসকারী একজন তরুণ হিসেবে আপনি ActionNYC এর মাধ্যমে বিনামূল্যে নিরাপদ অভিবাসন আইন সহায়তা পাবেন?

ActionNYC আপনাকে সমগ্র নিউ ইয়র্ক সিটির বিশ্বস্ত কমিউনিটি ভিত্তিক প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করিয়ে দেবে যারা বিনামূল্যে এবং স্ক্রীনিং এর গোপনীয়তা রক্ষা করে সেবা প্রদান করে ফলে আপনি অভিবাসন আইন সংক্রান্ত সুযোগ সুবিধা সম্পর্কে জানতে পারবেন এবং আইনগত সহায়তা পাবেন।

নিম্নের কোনো ঘটনার শিকার হয়ে থাকলে আপনি কী ধরনের অভিবাসন সহায়তা পেতে পারেন সেটিসহ **অভিবাসন সম্পর্কিত কোনো প্রশ্ন থাকলে ActionNYC এ ফোন করুন:**

- পারিবারিক সহিংসতা, ডেটিং সহিংসতা, যৌন নির্যাতন বা চুপিসারে অনুসরণ;
- আপনি যদি কাজ করতে না চান তথাপিও যদি কেউ আপনাকে দিয়ে কাজ করায়, কেউ যদি আপনাকে দিয়ে এমন কোন কাজ করায় যা করতে আপনি ইচ্ছুক নন বা এ ধরনের সুনির্দিষ্ট কিছু অপরাধ;
- আপনার স্বদেশে যদি বিরূপ পরিবেশ বিরাজ করে যেমন যুদ্ধ, রাজনৈতিক অস্থিরতা বা প্রাকৃতিক দুর্যোগ;
- জাতি, ধর্ম, জাতীয়তা, রাজনৈতিক মতবিরোধ বা কোন নির্দিষ্ট সামাজিক দলের সদস্য হবার কারণে, এগুলো ছাড়াও যৌনতাভিত্তিক শ্রেণিভেদ, লিঙ্গ, লিঙ্গ শনাক্তকরণ বা যৌন সংক্রান্ত বিভেদ সম্পর্কিত কারণে কেউ যদি আপনার স্বদেশে ক্ষতি করে বা আপনার ক্ষতি করতে পারে;
- এমন কোন পরিস্থিতির উদ্ভব হয় যখন আপনার মা-বাবা'র মধ্যে যে কোনও একজন অথবা উভয়ই আপনাকে মারধোর করে, আঘাত করে, আপনাকে সঠিকভাবে প্রতিপালন না করে বা কখনই আপনার জীবনে কোনো ভূমিকা না রাখে; এবং
- এ ধরনের সমজাতীয় বিষয় যার ফলে নিউ ইয়র্ক সিটির অল্প বয়সী তরুণদের মুক্তি পাবার জন্য অভিবাসনের আশ্রয় গ্রহণ করতে হয়

সাক্ষাৎকারের সময় নির্ধারণ করতে 1-800-354-0365 বা 311 নম্বরে ফোন করুন এবং বলুন “ActionNYC”। আপনার সাক্ষাৎকার আপনার নিজের ভাষায়, আপনার পছন্দের স্থানে গ্রহণ করা হবে। পাঁচটা বরের সবগুলোতে ActionNYC-র সাইট রয়েছে।

অভিবাসন সেবা প্রদানকারী প্রতিষ্ঠান যারা গ্রাহকদের দুঃসময়ের ফায়দা নেয় তাদের থেকে সতর্ক থাকুন। শুধুমাত্র বিশ্বস্ত, সনদপ্রাপ্ত আইনজীবী বা স্বীকৃতিপ্রাপ্ত প্রতিনিধিদের নিকট হতে সেবা গ্রহণ করুন।